



বরগুনা কলেজের শূন্য পদে শিক্ষক নেয়া হবে ৩ মাহবুব

(স্টাফ রিপোর্টার)

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবের রহ
মান মঙ্গলবার জাতীয় সংসদে
বলেন যে বরগুনা সরকারী কলেজে
শিক্ষকের শূন্য পদ পূরণ এবং
এই কলেজে বিএসসি কোর্স অন-
মোদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ
গৃহণ করা হচ্ছে। এই কলেজ
থেকেই বিএসসি পরীক্ষার্থীর
মতে আগামী বিএসসি পরীক্ষার
অংশগ্রহণ করতে পারেন তার
ব্যবস্থা করা হবে।

(শেষ পঃ ৬-এর কঃ দঃ)

মাহবুব

(প্রথম পঃ পর)

মন্ত্রী গতকাল সংসদে জাঙ্গ
(রব) দলীয় সদস্য অধ্যাপক হুমায়ূন
কবির হিরুর জরুরী জল-
গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ
আকর্ষণের জবাব দানকালে একথা
বলেন।

মন্ত্রী জানান যে এই কলেজের
মোট ৪৮টি পদের মধ্যে বর্তমানে
অধ্যাপকসহ ২০ জন শিক্ষক রয়ে-
ছেন। বাকি ২৮টি পদ শূন্য।
এরই মধ্যে অন্য একটি সরকারী
কলেজ থেকে বাদলীর মাধ্যমে বর-
গুনা সরকারী কলেজের শিক্ষকের
একটি শূন্যপদ পূরণ করা
হয়েছে। বাকি শূন্য পদগুলি অন্য
কোন সরকারী কলেজ থেকে বাদলী
এবং সরকারী কর্মকমিশনের নিবা-
চনের মাধ্যমে পূরণ করা হবে।
বর্তমানে শিক্ষক নির্বাচনের
প্রক্রিয়া চলছে এবং আগামী জুন
মাসের মধ্যে শূন্য পদসমূহ পূরণ
সম্পন্ন হবে বলে মন্ত্রী জানান।
মন্ত্রী আরো বলেন যে বরগুনা সর-
কারী কলেজে বিএসসি কোর্স অন-
মোদনের ব্যাপারে তার মন্ত্রণালয়
থেকে বিশ্ববিদ্যালয়ের সর্গীশলুট
কর্তৃপক্ষের কাছে সুপারিশ করা
হবে।

তিনি বলেন যে বরগুনা সর-
কারী কলেজের ছাত্ররা দলীয় রাজ-
নীতি প্রজাখ্যান করে শিক্ষার মনো-
নয়নের জন্য যে অহুন্দোলন করছে
তার সঙ্গে তিনি একমত এবং এ
জন্য তিনি ছাত্রদেরকে অভিনন্দিত
করেন। ভবিষ্যতেও এ ধরনের
অহুন্দোলনকে তিনি স্বাগত জানা-
বেন বলে উল্লেখ করেন। তিনি
জানান যে এই কলেজের ছাত্ররা
এই মাধ্যমে জানকিনে ভঙ্গ করেছে।